মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।

জেএসসি পরীক্ষা-২০১৭

বিষয়: হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: ১১২

(পরীক্ষকদের দায়িত্ব কর্তব্য ও উত্তরপত্র মূল্যায়ন নির্দেশিকা)

০১। বোর্ডের পরীক্ষক হিসেবে নিয়োগ পাওয়ার পর বোর্ডের যাবতীয় নির্দেশ মেনে চলতে হবে।

০২। উত্তরপত্র মূল্যায়ন সংক্রান্ত যে কোন পরামর্শের জন্য প্রধান পরীক্ষকের সাথে যোগাযোগ করবেন।

০৩। সকল পক্ষপাতের উর্ধ্বে থেকে নিরপেক্ষভাবে উত্তরপত্র মূল্যায়ন এবং ফলাফল সংক্রান্ত তথ্য গোপন রাখা একজন পরীক্ষকের দায়িত্ব।

০৪। পরীক্ষার্থী প্রশ্নের কোন অংশের উত্তর না দিলে অথবা দেওয়া থেকে বিরত থাকলে ০ পাবে। কোন ভগ্নাংশ $\frac{1}{2}$ নম্বর দেওয়া যাবে না।

০৫। উত্তরপত্রের প্রতিটি প্রশ্নের অংশে (ক,খ,গ,ঘ) এর জন্য আলাদাভাবে নম্বর প্রদান করতে হবে।

০৬। শিক্ষার্থী কোন প্রশ্নের সব অংশ (ক,খ,গ,ঘ) ধারাবাহিক না লিখে অন্য প্রশ্নের অংশ লিখবার পর ২নং প্রশ্নের ঘ অংশ লিখলে নম্বর কাটা বা প্রাপ্য নম্বরের কম দেওয়া যাবে না।

০৭। প্রতিটি প্রশ্নের নম্বর তোলার ক্ষেত্রে প্রতিটি প্রশ্নের প্রাপ্ত নম্বর ধারাবাহিক যোগ চিহ্ন দিয়ে উঠাবেন।

যেমন: কোন শিক্ষার্থী একটি প্রশ্নের ক,খ,গ এবং ঘ অংশে যথাক্রমে 1,0,2,3 তা 1+0+2+3=6 কভার পেইজে শুধু= 6 উঠাবেন।

০৮। অতিরিক্ত উত্তরপত্র গ্রহণ না করলে প্রচ্ছদে যথাস্থানে "০০" লিখে বৃত্ত ভরাট করতে হবে।

০৯। উত্তরপত্রের ভিতরের অংশে লাল কালি দিয়ে নম্বর প্রদান করতে হবে এবং কভার পেইজে কালো কালি দিয়ে পূরণ করতে হবে।

১০। সৃজনশীল পদ্ধতিতে ৭০ নম্বরের পরীক্ষায় পাস নম্বর ২৪ এবং A+ ৫৬।

১১। সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা এবং নমুনা উত্তর শিক্ষার্থীদের মূল্যায়ন নির্ভরযোগ্য করার একটি পরিমাপক হিসেবে বিবেচিত হবে। সুতরাং নির্ভরযোগ্যতা নিশ্চিত করার জন্য পরীক্ষকগণকে নম্বর প্রদান নির্দেশিকা কঠোরভাবে মেনে চলতে হবে।

১২। ব্যক্তিগত ইচ্ছা, অনিচ্ছা, আবেগ, অনুভূতি, মেজাজ, আবহাওয়া ও জলবায়ুর প্রভাব এবং সামাজিক ও পারিবারিক প্রভাবে প্রভাবিত না হয়ে পরীক্ষার্থীকে মূল্যায়ন করতে হবে।

১৩। উত্তরপত্র না পড়ে অনুমান নির্ভর অতিরিক্ত নম্বর প্রদান কিংবা স্বল্প নম্বর প্রদানে বিরত থাকবেন।

১৪। বানান ভুলের জন্য কোন উত্তর সম্পূর্ণ বিকৃত বা সঠিক উত্তরের বিপরীতে অর্থ না হলে এক্ষেত্রে নম্বর কাটা যাবে না।

১৫। উত্তরপত্রে কোন উন নম্বর দেওয়া যাবে না। যেমন: ৬৯, ৬৯ এর স্থানে পরবর্তী সংখ্যা ৭০ দিতে হবে।

১৬। উত্তরপত্র কোন অবস্থাতেই অন্য কাউকে দিয়ে মূল্যায়ন করানো যাবে না। অবশ্যই আপনার জন্য বরাদ্ধকৃত উত্তরপত্র নিজেকেই মূল্যায়ন করতে হবে।

১৭। হাতের লেখা সুন্দর অসুন্দর বিবেচনা না করে সঠিক উত্তরের বিপরীত অর্থ না হলে এক্ষেত্রে নম্বর কাটা যাবে না।

১৮। উত্তরপত্র মূল্যায়নের সময় যে কোন সংশয় কিংবা যেকোন সমস্যায় উপনীত হলে অবশ্যই আপনার প্রধান পরীক্ষকের শরনাপন্ন হবেন। সেজন্য তার ফোন নম্বর সংগ্রহ করুন এবং নিজের ফোন নম্বর তাঁকে দিন।

১৯। পরীক্ষকগণ উত্তরপত্র পাওয়ার ১০ দিনের মধ্যে উত্তরপত্র মূল্যায়ন করে প্রথম কিস্তি এবং দ্বিতীয় কিস্তি তার পরের ০৭ দিনের মধ্যে হাতে হাতে অবশ্যই পৌছাতে হবে।

১। প্রথম কিস্তি /১১/২০১৭ইং তারিখ বা তার পূর্বে পৌছাতে হবে।

২। দ্বিতীয় কিস্তি /১১/২০১৭ইং তারিখ বা তার পূর্বে পৌছাতে হবে।

প্রধান পরীক্ষকবৃন্দ
হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা
বিষয় কোড: ১১২

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।

জেএসসি-২০১৭

বহু নির্বাচনী অভীক্ষার নমুনা উত্তর

বিষয়: হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা

(২০১৭ সনের পাঠ্যসূচি অনুযায়ী)

বিষয় কোড: ১১২

সেট কোড: "খ"

১	খ	১১	গ	২১	ঘ
২	গ	১২	ক	২২	ক
৩	ঘ	১৩	খ	২৩	খ
৪	গ	১৪	গ	২৪	গ
৫	ঘ	১৫	ঘ	২৫	ঘ
৬	খ	১৬	ক	২৬	খ
৭	ক	১৭	গ	২৭	গ
৮	ক	১৮	ঘ	২৮	ঘ
৯	ঘ	১৯	ক	২৯	গ
১০	ক	২০	খ	৩০	ঘ

৮/১১/১৭

(কমল মালাকির)
সহকারী প্রধান শিক্ষক
খয়রাবাদ মাধ্যমিক বিদ্যালয়
বাকেরগঞ্জ, বরিশাল
প্রধান পরীক্ষক কোড: ১০৯২
মোবাইল নং: ০১৭৯৫ ৬৯২৮০৬

(ফনীভূষণ রায়)
সিনিয়র শিক্ষক
তেতলা পি,জি,এস মাধ্যমিক বিদ্যালয়
বানাড়ীপাড়া, বরিশাল
প্রধান পরীক্ষক কোড: ১০৯৫
মোবাইল নং ০১৭২৫ ৪৩৮৮৭০

08-11-17
(সবিতা রানী ঘোষ)
সিনিয়র সহকারী শিক্ষক
শহীদ স্মৃতি বিদ্যানিকেতন
লাউকাঠী, পটুয়াখালী।
প্রধান পরীক্ষক কোড: ১০০৭
মোবাইল নং ০১৭০৩ ২৩৩৪৯৩

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।

জেএসসি পরীক্ষা-২০১৭

হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা

(সৃজনশীল) বিষয় কোড: ১১২

নমুনা উত্তর

১। ক) যে গ্রন্থে ধর্ম ও কল্যাণময় জীবনের কথা বলা হয়েছে তাকে ধর্ম গ্রন্থ বলে। পৃ: ১০

খ) বেদকে অপৌরুষেয় বলার কারণ হচ্ছে এটি কোন পুরুষ কর্তৃক রচিত হয়নি। বেদ ঋষিদের ধ্যানে পাওয়া পবিত্র জ্ঞান। জগৎ ও জীবন সম্পর্কে এবং জগৎ ও জীবনের উৎস পরমপুরুষ, ব্রহ্ম বা ইশ্বর সম্পর্কে জ্ঞান। পৃ: ১১

গ) নিলয়ের গানের দক্ষতা অর্জনের জন্য সামবেদ নামক ধর্মীয় গ্রন্থের সাহায্য নেয়। এ সম্পর্কে ব্যাখ্যা করতে পারলে পূর্ণ নম্বর পাবে। পৃ:১৬,১৭

ঘ) সমাজকে সুন্দরভাবে গড়ে তোলার ক্ষেত্রে বেদ ধর্মগ্রন্থের গুরুত্ব বিশ্লেষণ করলে পূর্ণ নম্বর পাবে। পৃ: ১৬,১৭

২। ক) পূন্য অর্জন ও পাপ হতে মুক্তির ইচ্ছায় অনুষ্ঠিত ধর্মকর্মকেই ব্রত বলে। কোন আকাংখা পূরণের জন্য বিশেষ কিছু আচার-বিধি পালন করা। পৃ: ৩৩

খ) ব্যাধ যেভাবে শিবধামে গিয়েছিল: জল (শিশির) ও বেল পাতা দিয়ে নিজের অজ্ঞাতেই শিবের পূজা করে ফেলেন। তিথি মাহাত্ম্যে ব্যাধ শিবপূজার পূর্ণ ফল অর্জন করলেন। পৃ: ৩৪

গ) সীমাদেবী শিবারাত্রি ব্রত পালন করেন, পাঠ্যের আলোকে ব্যাখ্যা করলে পূর্ণ নম্বর পাবে। পৃ:৩৩

ঘ) সীমাদেবীর মনোভাব পাঠ্যের আলোকে বিশ্লেষণ করলে, পূর্ণ নম্বর পাবে। পৃ:৩৩

৩। ক) পৌরানিক দেবতা, যেসকল দেবতার নাম পুরানে উল্লেখিত হয়েছে, তাদের পৌরানিক দেবতা বলে। যেমন: দূর্গা, কালী, গণেশ ইত্যাদি। পৃ: ৪৯

খ) পার্বণ: পর্ব বা উৎসব। উৎসব মানে আনন্দানুষ্ঠান। হিন্দু ধর্মের বিধি-বিধান অনুসারে বিভিন্ন দেব-দেবীর পূজায় বিভিন্ন ধরনের উৎসবের আয়োজন করা হয়, একেই পার্বন বলে। পৃ:৫০

গ) শিখাদেবী নারায়ন দেবতার পূজা করেন, ব্যাখ্যা করতে পারলে পূর্ণ নম্বর পাবে। পৃ:৫৫,৫৬

ঘ) উদ্দীপকে বর্ণিত নারায়ন পূজার প্রভাব পাঠ্যের আলোকে বিশ্লেষণ করলে পূর্ণ নম্বর পাবে। পৃ: ৫৫,৫৬

৪। ক) হরিচাঁদ ঠাকুরের পিতার নাম যশোমন্ত ঠাকুর। পৃ: ৭৬

খ) "দল নাই যার বল নাই তার"- দল বলতে বুঝায় অনেকজন মিলে একসাথে একটি জোট বাধা। আর বল বলতে বুঝায় শক্তি। অনেকজন একসঙ্গে জোট বাধলে তার শক্তি অন্যদের চেয়ে বেশি হয়।

যার দল বা জোট, নেই তার কোন শক্তি নেই। এরূপ চিন্তা করে হরিচাঁদ ঠাকুর মতুয়া সম্প্রদায় প্রতিষ্ঠা করেন। পৃ:৭৭

গ) সুমন হরিচাঁদ ঠাকুরের "হাতে কাম মুখে নাম" নির্দেশটি পালন করবে, ব্যখ্যা করতে পারলে পূর্ণ নম্বর পাবে। পৃ:৭৭

ঘ) হ্যাঁ, সুমনের মাকে একজন আদর্শ মতুয়া বলা যায়। উত্তরের সপক্ষে পাঠ্যের আলোকে যুক্তি প্রদর্শন কররে পূর্ণ নম্বর পাবে। পৃ:৭৮

৫। ক) সমাজ বলে। পৃ: ৯৮

খ) নৈতিক মূল্যবোধঃ ব্যক্তি, সমাজ বা জাতি ও বৈশ্বিক পর্যায়ে, একজন ব্যক্তি বা জাতির আচারন অন্য ব্যক্তি ও সমাজ বা জাতির প্রতি কেমন হবে, তা নির্ধারনের মাপকাঠি হচ্ছে নৈতিক মূল্যবোধ।

মানবতাবোধ সৎ সাহস, ন্যায় বিচার, সৎ সঙ্গ, সংযম, অহিংসা এগুলো নৈতিক মূল্যবোধের অংশ। পৃ: ৯৬

গ) নিরোদ বাবুর মধ্যে হিন্দু ধর্ম ও নৈতিক মূল্যবোধের প্রহ্লাদের ন্যায়বিচার এর দিকটি কাজ করেছে, ব্যাখ্যা করতে পারলে পূর্ণ নম্বর পাবে। পৃ: ৯৮,৯৯

ঘ) হ্যাঁ, নিরোদ বাবুর কাজটি মহারাজ প্রহ্লাদের কাজের আলোকে যৌক্তিক। পাঠ্যের আলোকে উত্তরের সপক্ষে যুক্তি প্রদর্শণ করতে পারলে পূর্ণ নম্বর পাবে। পৃ: ৯৮,৯৯

৬। ক) ঈশ্বর। পৃ:০১

খ) অবতারঃ অবতরন করা বা নেমে আসা। যখনই ধর্মের গ্লানি হয় এবং অধর্ম বেড়ে যায় তখনই ঈশ্বর পৃথিবীতে নেমে আসেন এবং দুষ্টের বিনাশ, সাধুদের রক্ষা ও ধর্ম সংস্কার করেন। যেমনঃ রাম অবতার।

গ) সবিতা দেবী নিষ্কাম কর্মযোগের মাধ্যমে ঈশ্বরের উপাসনা করেন। ব্যাখ্যা করতে পারলে পূর্ণ নম্বর পাবে। পৃ: ০৫

ঘ) সুবল বাবুর কাজটি ঈশ্বর সম্পর্কে স্বামী বিবেকানন্দের অমর বানী "জীবে প্রেম করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বর" পাঠ্যের আলোকে বিশ্লেষণ করলে পূর্ণ নম্বর পাবে। পৃ: ০৫

৭। ক) যা ধারন শক্তি সম্পন্ন তাই ধর্ম।

খ) চতুরাশ্রমঃ ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্নাস এই চারটিকে একত্রে বলা হয চতুরাশ্রম। পৃ:৩১

গ) পিয়াস বাবু ধর্মের বিশেষ লক্ষনের সাহায্যে তার সমস্যার সমাধান করেছেন, ব্যাখ্যা করতে পারলে পূর্ণ নম্বর পাবে। পৃ: ২৮

ঘ) পাঠ্যের আলোকে উদ্দীপকের শেষোক্ত লাইনটি হিন্দু ধর্মের স্বরূপ ও বিশ্বাস এর আলোকে বিশ্লেষণ করতে পারলে পূর্ণ নম্বর পাবে। পৃ: ২৮,২৯

৮। ক) শরীর। পৃ: ৩৯

খ) 'সময়ের এক ফোড় অসময়ের দশ ফোঁড়' সময়মতো কোন কাজ না করলে , অসময়ে সেই কাজ করলে অনেক ঝামেলা হয়। পৃ:৪০

গ) প্রবীর বাবুর অনুশীলনকৃত ভুজঙ্গাসনটি পাঠ্য বইয়ের আলোকে বর্ণনা করতে পারলে পূর্ণ নম্বর পাবে। পৃ: ৪৩

ঘ) প্রবীর বাবুর অনুশীলনকৃত আসনটির প্রভাব পাঠ্যের আলোকে বিশ্লেষণ করতে পারলে পূর্ণ নম্বর পাবে। পৃ: ৪৪

৯। ক) নীতি সম্পর্কিত শিক্ষাকে নৈতিক শিক্ষা বলে। পৃ: ৬১

খ) মহামুনি পুলস্ত্য কার্তবীর্যর্জুনের কাছে যাওয়ার কারণ: রাবনকে মুক্ত করতে এবং মহামুনি পুলস্ত্য কার্তবীর্যর্জুনের কাছে নাতি রাবনের অপরাধ স্বীকার করে মুক্তি চাইলেন। পৃ: ৬৩

গ) সৈকত বাবুর মধ্যে ধর্মীয় নৈতিক শিক্ষার সেবা, দান, সমাজ সংস্কার গুনটি ফুটে উঠেছে পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ করতে পারলে পূর্ণ নম্বর পাবে। পৃ: ৬৮

ঘ) সমাজ ও রাষ্ট্রীয় জীবনের প্রভাব পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ করতে পারলে পূর্ণ নম্বর পাবে। পৃ: ৬৮

১০। ক) পাবনায় পদ্মার তীরবর্তী একটি গ্রাম হিমাইতপুরে। পৃ: ৮৬

খ) মহাত্মা গান্ধী ঠাকুর অনুকূলচন্দ্রকে প্রশংসা করার কারণ: তিনি তপোবন, বিদ্যালয়, দাতব্য চিকিৎসালয়, ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ, পাবলিশিং হাউজ, ছাপাখানা ইত্যাদি প্রতিষ্ঠা করেন। এর ফলে আধ্যাত্মিক ও জাগতিক জীবনেরও উপকার হয়। সনাতন আর্য জীবনে সকলকে অভ্যস্থ করেন। পৃ: ৮৭

গ) বিপিন, অনুকূল চন্দ্রের আধ্যাত্মিক, জাগতিক ও সেবা গুনের দ্বারা প্রভাবিত হয়েছিল তা ব্যাখ্যা করতে পারলে পূর্ণ নম্বর পাবে। পৃ: ৮৬

ঘ) বিপিনের মায়ের উক্তিটি ঠাকুর অনুকূল চন্দ্রের চিকিৎসার পদ্ধতি উদ্দীপক ও পাঠ্যের আলোকে বিশ্লেষণ করতে পারলে পূর্ণ নম্বর পাবে। পৃ: ৮৬

১১। ক) মুক্তারমালা। পৃ: ১০০

খ) "হিংসার পরিণাম শুভ নয়" কারণ হিংসা করলে নিজেরই ক্ষতি হয়। যিনি হিংসা করেন তিনি স্বর্গে যেতে পারেন না। হিংসা করলে ধর্মকীর্তি সহ সকল কাজ অসফল হয়। কৌরবরা পান্ডবদের হিংসা করতেন, তাই তাদের পরিণাম শুভ হয় নি। পৃ: ১০৪

গ) বিমল প্রনবের সহায়তায় বর্তমান অবস্থায় ফিরে এসেছে, উদ্দীপক ও পাঠ্যের আলোকে বিশ্লেষণ করতে পারলে পূর্ণ নম্বর পাবে। পৃ: ১০৪

ঘ) বর্তমান সমাজ ব্যবস্থায় প্রণবের মতো ছেলেদের খুবই প্রয়োজন উদ্দীপক ও পাঠ্যের আলোকে বিশ্লেষণ করতে পারলে পূর্ণ নম্বর পাবে। পৃ: ১০০, ১০১